



Reg. No.Dha-0462

# বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ১৯.০৭.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: শিশুর সর্বোচ্চ বয়স ১৮ বছর থেকে কমিয়ে আনার প্রস্তাবে বাংলাদেশ মহিলা পরিষদের উদ্বেগ।

শিশুর সর্বোচ্চ বয়স ১৮ বছর থেকে কমিয়ে আনার প্রস্তাবে বাংলাদেশ মহিলা পরিষদ গভীর উদ্বেগ প্রকাশ করছে। বিভিন্ন গণমাধ্যম সূত্রে জানা যায় যে, গত ০৩.০৭.২০২২ তারিখে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা বিষয়ক মন্ত্রীসভা কমিটির সভায় সাভারে শিক্ষক হত্যাসহ কিশোর অপরাধ বিস্তারের ঘটনা উল্লেখ করে শিশুর সর্বোচ্চ বয়সসীমা ১৮ বছর থেকে কমানোর সুপারিশ এসেছে বলে জানা যায়। শিশুর বয়স কমানোর এই সুপারিশ বাংলাদেশ সরকার স্বীকৃত শিশু বিষয়ক আন্তর্জাতিক নীতিমালার পরিপন্থী বলে মনে করে বাংলাদেশ মহিলা পরিষদ। উল্লেখ্য যে, বাংলাদেশ সরকার শিশু সংক্রান্ত আন্তর্জাতিক সকল সনদ বিচারবিবেচনা করে শিশুর সর্বোচ্চ বয়স ১৮ বছর নির্ধারণ করে শিশু নীতি ২০১১ এবং শিশু আইন ২০১৩ প্রণয়ন করেছে।

বাংলাদেশ মহিলা পরিষদের মতে, শিশুর সার্বিক বিকাশ ও সর্বোচ্চ কল্যাণের দিক বিবেচনায় নিয়ে সুষ্ঠু পারিবারিক-সামাজিক পরিবেশ; সুস্থ সাংস্কৃতিক চর্চার ব্যবস্থা; মানবিকবোধসম্পন্ন, যুক্তিবাদী বিজ্ঞাননির্ভর সৃজনশীল শিক্ষা এবং বিভিন্ন ধরনের অপরাধে জড়িয়ে পড়া শিশুদের সংশোধনের জন্য সংবেদনশীল প্রাতিষ্ঠানিক ব্যবস্থা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। শিশু-কিশোরদের মারাত্মক ধরনের অপরাধের সঙ্গে জড়িয়ে পড়ার পিছনে মূল ব্যক্তিদের সনাক্ত করে শাস্তিমূলক ব্যবস্থার আওতায় আনা প্রয়োজন। শুধুমাত্র বয়স কমিয়ে শাস্তি প্রদানের মাধ্যমে শিশু-কিশোর অপরাধের মতো জটিল মনো-সামাজিক সমস্যার সমাধান করা যাবে না, বরং এতে বাল্যবিবাহ, শিশুশ্রম বৃদ্ধিসহ নানা সমস্যা আরো প্রকটাকার ধারণ করবে বলে আশংকা করে সরকারের আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির সভার প্রস্তাবে বাংলাদেশ মহিলা পরিষদ গভীর উদ্বেগ প্রকাশ করছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ